তারিখ 16 FEB 1995
পৃষ্ঠা ৮ কলাম ৬

দৈনিক বাংলা

02

# সংসদে ঢাকা ভার্সিটি (সংশোধন) বিল উত্থাপন

বিশেষ সংবাদদাতা : বুধবার জাতীয় সংসদে ঢাকা বিশ্ববিদ্যালয় (সংশোধন) বিল নামে একটি বিল উত্থাপন করা হয়েছে। কমার্স শব্দের পরিবর্তে বিজনেস স্টাডিজ এবং ব্যাচেলার অব কমার্স-এর পরিবর্তে ব্যাচেলার অব বিজনেস স্টাডিজ শব্দ প্রতিস্থাপনের জন্য এই বিল আনা হয়েছে। বাংলাদেশের ব্যবসা-বাণিজ্য, শিল্প-প্রতিষ্ঠান, বীমা ও ব্যাংক ব্যবস্থা, বিভিন্ন ধরনের সরকারী ও আধাসরকারী প্রতিষ্ঠানের পরিবর্তনশীল অবস্থার প্রেক্ষিতে একাডেমিক শৃংখলার স্বার্থে এই সংশোধনী

(৪-এর পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## বিল উত্থাপন

(প্রথম পৃষ্ঠার পর)

আনয়ন করা হয়েছে বলে বিলে উল্লেখ করা হয়। শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দীন সরকার বিলটি উত্থাপন করেন। কার্যপ্রণালী বিধির ২৪৭ বিধিমতে ৪টি সংসদীয় কমিটির ৪টি শূন্যপদে ৪ জন সদস্যকে নির্বাচিত করা হয়। সংসদ উপনেতার প্রস্তাবক্রমে ৪টি শূন্যপদে যারা নির্বাচিত হয়েছেন তারা হলেন—নাটোর-৩ থেকে নির্বাচিত কাজী গোলাম মোরশেদ (মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয়), শেরপুর-৩ থেকে নির্বাচিত মাহমুদুল হক (গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়), বাকেরগঞ্জ-৬ থেকে নির্বাচিত অধ্যক্ষ আবদুর রশিদ খান (সরকারী প্রতিষ্ঠান কমিটি) এবং অনুমিত হিসাবরক্ষণ কমিটির শূন্য পদে সিরাগঞ্জ-৪ হতে নির্বাচিত এম আকবর আলী।